দৈনিক ইনকিলাব

তারিখ ..0 8. JUL 1993

পৃষ্ঠা... ৬ ...কলাম ..২...

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্রে অমনোযোগিতার কয়েকটি নমুনা

॥ চট্টগ্রাম ব্যুরো ॥

৭ জুলাই।- শিক্ষাই জাতির মেরুদণ্ড— একথা সর্বজনস্বীকৃত হলেও এ বিভাগের কতিপয় কর্মকর্তার অমনোযোগিতার ফলে তা আর হালে পানি পাচ্ছে না। চলতি বছরের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্রে এরূপ অমনোযোগিতার একটি প্রকৃষ্ট প্রমাণ ধরা পড়েছে। গত ৫ জুলাই রসায়ন বিজ্ঞান (তত্ত্বীয়) ২য় পত্রের পরীক্ষা, প্রশ্নপত্রে এ গরমিলে পরীক্ষার্থীরা হয়েছেন বিভ্রান্ত। প্রশ্নপত্রের ৫-এর (ক) বলা হয়েছে 'অ্যারোমেটিক যৌগ বলিতে কি বুঝ? পরীক্ষাগারে কিভাবে অ্যানিলিন প্রস্তুত করা যায়? ৬নং প্রশ্নের (ক)-এ বলা হয়েছে 'পরীক্ষাগারে এনিলিন প্রস্তু প্রণালী বর্ণনা কর'। পরীক্ষার্থীদের প্রশ্ন এই বিভ্রান্তি ও ভুলের দায়ভাগ কে নেবে? এতো পরীক্ষা-নিরীক্ষার পরও প্রশ্নপত্রে যদি এরূপ ভুল থেকে যায় কর্তৃপক্ষ এর কি জবাব দেবেন। প্রশ্নপত্রের এই বিভ্রান্তির কারণে যেসব পরীক্ষার্থীর সময় নষ্ট হয়েছে তারা কি তাদের সে সময় ফিরে পাবেন?